

3 (Sem-4) BEN L

2013

Bijni College Library
P.O.-Bijni, Dist.-Chirang
(B.T.A.D) Assam

ELECTIVE BENGALI

(বাংলা সাহিত্যের ইতিহাস : আধুনিক যুগ)

Full Marks : 80

Time : 3 hours

The figures in the margin indicate full marks
for the questions

১। সংক্ষিপ্ততম উত্তর দাও :

১×১০=১০

(ক) 'ইতিহাসমালা'র লেখক কে ?

(খ) কোন্ কবিকে 'ভোরের পাখী' বলে অভিহিত করা হয়েছে ?

(গ) দ্বিজেন্দ্রনাথ ঠাকুর 'স্বপ্ন প্রয়াণ' কাব্য লিখেছেন ।
(সত্য না মিথ্যা লেখো)

(ঘ) 'সাজাহান' ও 'নূরজাহান' নাটকদুটির রচয়িতা কে ?

(ঙ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, প্যারীচাঁদ মিত্র, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ও রামমোহন রায়—এঁদের মধ্যে কাকে বাংলা উপন্যাসের সার্থক শিল্পী রূপে অভিহিত করা যায় ?

Blind College Library
P.O. No. 1000/1250
Kalyanpur, Patna-851005

১০৪১৯ (D.A.)

(ii) ১৮৪৫

(iii) ১৮৫৪

(iv) ১৮৬১

(সঠিক উত্তরটি লেখো)

(ছ) 'নৈবেদ্য' (রবীন্দ্রনাথ) কোন্ শ্রেণির রচনা ?

(i) গীতিনাট্য

(ii) প্রহসন

(iii) বড়োগল্প

(iv) কাব্যসংকলন

(সঠিক উত্তরটি লেখো)

(জ) 'বুড়ো শালিকের ঘাড়ে রৌ'-এর লেখক কে ?

(ঝ) 'দিবারাত্রির কাব্য' কার লেখা ?

(i) জসীমউদ্দিন

(ii) মাণিক বন্দ্যোপাধ্যায়

(সঠিক উত্তরটি লেখো)

(ঞ) রবীন্দ্রনাথের জন্মসন নির্দেশ করো।

২। অতি সংক্ষেপে উত্তর দাও :

২×৫=১০

(ক) 'বঙ্গদর্শন' পত্রিকার দুজন সম্পাদকের নাম লেখো।

(খ) 'তত্ত্ববোধিনী পত্রিকা'র সঙ্গে অক্ষয়কুমার দত্তের কীরূপ সম্পর্ক ছিলো ?

- (গ) ‘পথের পাঁচালী’ উপন্যাসের দুটি নারী-চরিত্রের নাম লেখো ।
- (ঘ) রবীন্দ্রনাথ ব্যতীত ঠাকুর বাড়ির দুজন প্রসিদ্ধ সাহিত্যিকের নাম লেখো ।
- (ঙ) জীবনানন্দ দাশের দুটি কাব্যগ্রন্থের নামোল্লেখ করো ।

৩। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো চারটি) :

৫×৪=২০

- (ক) ‘মেঘনাদবধ কাব্য’-এর বিষয়বস্তু কী ?
- (খ) সুকুমার রায় সম্পর্কে কী জান ?
- (গ) মীর মশারফ হোসেন কেন বিখ্যাত ?
- (ঘ) কী বিষয় অবলম্বনে ‘নীলদর্পণ’ নাটক রচিত ?
- (ঙ) বাংলা সাহিত্যের ইতিহাসে শ্রীরামপুর মিশন কেন স্মরণীয় ?
- (চ) ঈশ্বরচন্দ্র গুপ্তকে ‘যুগসন্ধির কবি’ বলা হয় কেন ?

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো :

১০×৪=৪০

- (ক) বাংলা গদ্যের ইতিহাসে ফোর্ট উইলিয়াম কলেজের অবদানের বিষয়ে আলোচনা করো ।
- (খ) গিরিশচন্দ্র ঘোষের নাট্যকৃতির পরিচয় দাও ।
- (গ) রবীন্দ্র-রচিত প্রথম কাব্য থেকে ‘গীতাঞ্জলি’ পর্যন্ত যে কাব্যধারা, তার বিষয়ে কী জান, লেখো ।

(ঘ) ঔপন্যাসিক শরৎচন্দ্রের অবদান সম্পর্কে তোমার ধারণা ব্যক্ত করো।

(ঙ) যে কোনো দুজনের বিষয়ে টীকা লেখো :

(i) দ্বিজেন্দ্রলাল রায়

(ii) রাজনারায়ণ বসু

(iii) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

(চ) যে কোনো দুটির বিষয়ে টীকা লেখো :

(i) সবুজপত্র

(ii) হিন্দু মেলা

(iii) হুতোম প্যাচার নকশা
